গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০০৮.১৯.৬৮

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০
২৭ এপ্রিল ২০২৩

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: **"হাওর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর অর্থাৎ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ-এর স্মারক নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৭০.১৮/৪৬৫, তারিখ: ১২/০৩/২০২৩

আমি নিম্নস্বাক্ষরকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২০২০ থেকে ডিসেম্বর/২০২২ পর্যন্ত মেয়াদে ৯৪৪৮০.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “হাওর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ১ম বারের মতো ০২ (দুই) বছর অর্থাৎ জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ এর পরিবর্তে জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করছি:

**সুপরিশ:**

(ক) জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক ৪.৭০% এবং বাস্তব অগ্রগতি ১৫%, যা খুবই অসন্তোষজনক। প্রকল্পের অবকাঠামোগত নির্মানসহ অবশিষ্ট প্রকল্পের কাজ প্রস্তাবিত বর্ণিত সময়ের মধ্যে অবশ্যই সম্পন্নকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(খ) নির্মাণাধীন সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার রাফিনগর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাস-ছাত্রীনিবাস এবং সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার গুলবাহার বালিকা উচ্চ বিদ্যালয়সহ অন্যান্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবনের অবকাঠামোগত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্মাণ সাইটে ঠিকানার প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত জনবল নিয়োগের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(গ) প্রকল্পটির ৩ বছরের বাস্তবায়নযোগ্য মূল মেয়াদকাল ইতোমধ্যে শেষ হয়ে গেছে অথচ এখনও ভবন নির্মাণের সাইট চূড়ান্ত হয়নি। এ ব্যাপারে অবহেলার জন্য দায়-দায়িত্ব নিরুপণপূর্বক সাইট চূড়ান্ত করত দ্রুত নির্মাণ কাজ শুরু করতে হবে;

(ঘ) প্রকল্পের কাজের অগ্রগতি খুবই ধীর হওয়ায় বর্ধিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট জেলাগুলোর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে প্রকল্পের বাস্তবায়ন কাজ তদারকি করার নিমিত্ত বিশেষভাবে দায়িত্ব প্রদান করা যেতে পারে;

(ঙ) প্রকল্পটি বর্ধিত মেয়াদে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য একটি পক্ষকালভিত্তিক সংশোধিত ব্যস্তধর্মী কর্মপরিকল্পনা প্রণয়ন করে। আইএমইডিতে প্রেরণ করতে হবে;

(চ) প্রকল্পের আওতায় নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য

মন্ত্রণালয়/সংস্থার তদারকি জোরদার করতে হবে;

(ছ) উপরোল্লেখিত "ক"-"চ" পর্যন্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক গৃহীত পদক্ষেপ সম্পর্কে জরুরিভিত্তিতে আইএমইডিকে অবহিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

২৭-৪-২০২৩

এস. এম. ইমরুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০২৭২
ইমেইল:
planning.sec2@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০০৮.১৯.৬৮/১(১০)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০
২৭ এপ্রিল ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৫) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৮) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯) প্রকল্প পরিচালক, হাওর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন

১০) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৭-৪-২০২৩

এস. এম. ইমরুল হাসান
উপসচিব